# উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্দেশনা মোতাবেক ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের (৩০-১২-২০২০) সিদ্ধান্ত অনুসারে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক সভা ২০/১২/২০২২ তারিখ মঙ্গলবার দুপুর ২.৩০ সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস, ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিচালক মহোদয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের আহ্বায়ক ড. ইসতিয়াক এম সৈয়দ, অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের সদস্য ড. মো. মিজানুর রহমান, সহযোগী অধ্যাপক, অণুজীব বিজ্ঞান বিভাগ, জনাব রাজিব মাহমুদ সামিম পারভেজ, উপ রেজিস্ট্রার (শিক্ষা-৩), ঢাকা বিশ্ববিদ্যালয়, জনাব ইমাম হাসান রাজা, সিস্টেম এ্যাডমিনিস্ট্রেটর, আইসিটি সেল, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জনাব মো. বদরুল আহছান, উপ পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, ঢাকা বিশ্ববিদ্যালয় উপস্থিত ছিলেন।

২. আলোচনা :

২.১ সভার শুরুতে উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের আহ্বায়ক ড. ইসতিয়াক এম সৈয়দ, অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় গত সভার সুপারিশসমূহ এবং সুপারিশসমুহ বাস্তবায়ন সম্পর্কিত বিষয়সমূহ সভাকে অবহিত করেন। এছাড়াও তিনি সভাকে নিম্নোক্ত বিষয়সমূহ অবহিত করেন :

ক) রেজিস্ট্রার দপ্তর হতে শিক্ষকদের নিকট প্রেরিত (সাধারণ/ব্যক্তিগত) নোটিশ আইসিটি সেলের তত্ত্বাবধানে চলমান শিক্ষকগণের ড্যাশবোর্ড/প্রোফাইল ও ইন্সটিটিউশন্যাল ই-মেইলে প্রেরণের উদ্দেশ্যে লগইন ক্রেডেনশিয়াল প্রদানের জন্য রেজিস্ট্রার দপ্তরের কারিগরি কর্মকর্তা জনাব মো: রিফাত আমিন-কে মনোনয়নের বিষয়ে মাননীয় উপাচার্য মহোদয় সদয় অনুমোদন দিয়েছেন।

খ) বিদেশ ভ্রমণের উদ্দেশ্যে এনওসি/জিও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে এবং ব্যক্তিগত ড্যাশবোর্ডে প্রদানের লগইন ক্রেডেনশিয়াল প্রদানের জন্য রেজিস্ট্রার দপ্তরের কারিগরি কর্মকর্তা জনাব মো: রিফাত আমিন-কে মনোনয়নের বিষয়ে মাননীয় উপাচার্য মহোদয় সদয় অনুমোদন দিয়েছেন।

গ) বিশ্ববিদ্যালয় গ্র্যাজুয়েটগণের ট্রান্সক্রিপ্ট-এর মূল কপি সরাসরি প্রদানের পরিবর্তে ইএমএস (Express Mail Service)-এর মাধ্যমে গ্র্যাজুয়েটগণের প্রদত্ত ঠিকানায় পাঠানোর উদ্দেশ্যে প্রশাসনিক ভবনে ইএমএস বুথ স্থাপনের বিষয়টি মাননীয় উপাচার্য মহোদয় সদয় অনুমোদন দিয়েছেন।

ঘ) বিশ্ববিদ্যালয়ের চাকুরির নতুন আবেদন বা উচ্চতর প্রমোশনের জন্য ফর্ম পূরণ, কেন্দ্রীয় অন লাইন পেমেন্ট গেট ওয়ের মাধ্যমে আবেদন ফি গ্রহণের নিমিত্তে একটি ওয়েব অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্টের জন্য আইসিটি সেলের পরিচালক মহোদয়কে অনুরোধ করা হয়েছে।

ঙ) সনদ যাচাই সংক্রান্ত ওয়েব অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট, ট্রান্সক্রিপ্ট-এর মূলকপি আবেদনকারীকে সরাসরি দেয়ার পরিবর্তে ইএমএস (Express Mail Service)-এর মাধ্যমে আবেদনকারী প্রদত্ত ঠিকানায় পাঠানো এবং এতদসংক্রান্ত ফি নির্ধারণের বিষয়ে পরীক্ষা নিয়ন্ত্রক মহোদয়কে অনুরোধ করা হয়েছে।

চ) ডিইউঅ্যাপস্-এর নিউজ পোর্টালে প্রকাশিত নিউজ গুলো অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমে শেয়ার করার সুযোগ (অপশন), নোটিশ পোর্টালে বিশ্ববিদ্যালয়ের যাবতীয় সাধারণ নোটিশসহ অন্যান্য পোর্টালের অন্তর্ভূক্ত বিষয়গুলো আরও সাম্প্রতিক (up to date) আরও ব্যবহার-বান্ধব (user friendly) করা হয়েছে

২.২ সেবা গ্রহীতাগণের অধিকতর স্বাচ্ছন্দের জন্য প্রশাসনিক ভবনের কক্ষসমূহের পরিচিতিসহ দৃশ্যমান স্থানে ফ্লোর ওয়াইজ ডিজিটাল ম্যাপ টানানোর ব্যবস্থা গ্রহণ করা প্রসংগে বিস্তারিত আলোচনা করা হয়।

২.৩ ইএমএস বুথ স্থাপন, চাকুরীর নতুন আবেদন, উচ্চতর প্রমোশন ইত্যাদি বিষয়গুলোর সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তত্ত্বাবধানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

২.৪ ২০২২-২০২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন বিষয়ে আলোচনা করা হয়।

২.৫ পর্যায়ক্রমে বিশ্ববিদ্যালয়ের সকল সেবা এবং প্রশাসনিক কর্মকান্ড বিশেষতঃ ছুটির আবেদন ও মঞ্জুরের বিষয়টি অন লাইন ভিত্তিক করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রথম পর্যায়ে সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস (কারস্), ঢাকা বিশ্ববিদ্যালয়কে নির্বাচন করার বিষয়টি বিবেচনা করার বিষয়ে আলোচনা করা হয়।

৩. সুপারিশ :

৩.১. পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরের মাধ্যমে ট্রান্সক্রিপ্ট-এর সফটকপি আবেদনকারীর ড্যাশবোর্ড থেকে ডাউনলোড এবং মূল/হার্ডকপি ইএমএস-(Express Mail Service)-এর মাধ্যমে আবেদনকারীর প্রদত্ত ঠিকানায় পাঠানো, কেন্দ্রীয় অনলাইন পেমেন্ট গেট ওয়ের মাধ্যমে ইএমএস-এর চার্জ সংগ্রহ এবং রেজিস্ট্রার দপ্তরের মাধ্যমে প্রশাসনিক ভবনের সুবিধাজনক স্থানে ইএমএস-এর জন্য বুথ স্থাপন সংক্রান্ত যাবতীয় বিষয়গুলো সার্বিক তত্ত্বাবধানের জন্য উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের সদস্য ড. মো. মিজানুর রহমান, সহযোগী অধ্যাপক, অণুজীব বিজ্ঞান বিভাগকে দায়িত্ব দেয়া হলো। তিনি রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক, কেন্দ্রীয় অন লাইন ভর্তি অফিসের আহ্বায়ক এবং এতদসংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগ রক্ষা করবেন

৩.২ বিশ্ববিদ্যালয়ের চাকুরীর নতুন আবেদন বা উচ্চতর প্রমোশনের জন্য ফর্ম পূরণ, কেন্দ্রীয় অন লাইন পেমেন্ট গেট ওয়ের মাধ্যমে আবেদন ফি গ্রহণের নিমিত্তে একটি ওয়েব অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট প্রণয়ন ইত্যাদি বিষয়গুলো সার্বিক তত্ত্বাবধানের জন্য উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের সদস্য ড. মুহাম্মদ সাহাদাত হোসেন সিদ্দিকী, অধ্যাপক, অর্থনীতি বিভাগকে দায়িত্ব দেয়া হলো। তিনি রেজিস্ট্রার, আইসিটি সেলের পরিচালক, কেন্দ্রীয় অন লাইন ভর্তি অফিসের আহ্বায়ক এতদসংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগ রক্ষা করবেন

৩.৩ প্রশাসনিক ভবনের মূল প্রবেশ পথে দপ্তর ভিত্তিক সেবাসমূহের তালিকা ও তথ্যের জন্য কক্ষ নম্বর নির্দেশক সম্বলিত একটি ডিজিটাল ম্যাপ প্রণয়ন ও স্থাপন বিষয়ে উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের সদস্য জনাব রাজিব মাহমুদ সামিম পারভেজ, উপ রেজিস্ট্রার (শিক্ষা-৩) ও জনাব মো. রাশেদুর রহমান, সহযোগী অধ্যাপক, ওএসএল বিভাগকে দায়িত্ব দেয়া হলো। এতদ বিষয়ে প্রকৌশল দপ্তরসহ অন্যান্য দপ্তরের সাথে যোগাযোগ রক্ষা করবেন

৩.৩ ২০২২-২০২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের জন্য উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের সদস্য-সচিব জনাব মো. বদরুল আহছানকে দায়িত্ব দেয়া হলো

৩.৩ সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস (কারস্), ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সেবা (Service) সমূহ আগামী অর্থ বছরের দ্বিতীয় প্রান্তিকের মধ্যে অন লাইন ভিত্তিক করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস (কারস্)-এর পরিচালক মহোদয় অনুরোধ করা হলো

৩.৪ সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস (কারস্), ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক-গবেষক-কর্মকর্তা-কর্মচারিগণের ছুটির আবেদন ও অনুমোদন সংক্রান্ত সেবা (Service) সমূহ আগামী অর্থ বছরের প্রথম প্রান্তিকের মধ্যে অন লাইন ভিত্তিক করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস (কারস্)-এর পরিচালক মহোদয় অনুরোধ করা হলো

পরিশেষে কমিটির আহ্বায়ক ও সভার সভাপতি ড. ইসতিয়াক এম সৈয়দ, অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।

ড. ইসতিয়াক এম সৈয়দ

অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও

আহ্বায়ক, উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিম